

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
E-mail: dsdm@dgfood.gov.bd
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৫০.৫৯.০১০.১৭-৪৭৬(৩)


তারিখ : ০৪.০৫.২০১৭।

বিষয় : যে সকল জেলায় ময়দাকল নেই সে সকল জেলায় আটা সরবরাহের জন্য পার্শ্ববর্তী জেলার ময়দাকল নির্বাচন।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'বেসরকারি ময়দাকলে সরকারি গম বরাদ্দ ও পেয়াই এবং ফলিত আটা সরবরাহ নীতিমালা' ২০১৭' প্রণয়ন করে এ বিভাগের ০২.০৫.২০১৭ তারিখের ৪৬৪ নং স্মারকে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত নীতিমালায় বলা হয়েছে, 'যে সকল জেলায় তালিকাভুক্ত ময়দাকল নেই বা তালিকাভুক্ত ময়দাকলসমূহের পেষণ ক্ষমতা আটার চাহিদার তুলনায় কম সে সকল জেলায় আটা সরবরাহের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক পার্শ্ববর্তী জেলার ময়দাকলের নাম অন্তর্ভুক্তির জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করবেন' এবং 'খাদ্য অধিদপ্তর গম পরিবহন ব্যয়, দূরত্ব, সরকারি সাশ্রয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশ ইত্যাদি বিবেচনা করে ১ম বরাদ্দের পূর্বে ময়দাকলের নাম অনুমোদন/নির্বাচন করবে।'

বর্তমান নীতিমালায় এ বিষয়ে কোন কিছু উল্লেখ না থাকায় সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক তাদের সুবিধা অনুযায়ী অন্য যে সকল জেলার ময়দাকলের নামে গম বরাদ্দের প্রস্তাব করেন অনেক ক্ষেত্রে তা যৌক্তিক হয় না।

এমতাবস্থায়, যে সমস্ত জেলায় ময়দাকল নেই সে সকল জেলায় আটা সরবরাহের উদ্দেশ্যে পার্শ্ববর্তী জেলার ময়দাকল নির্বাচন করে যৌক্তিকতাসহ খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(কাজী মুরশিদুল ইসলাম)
পরিচালক

সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন -৯৫৫৩৮৭৮।


০৫.০৫.১৭

প্রাপক :

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/বরিশাল।

২। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।